দৈনিক ইত্তেফাক

110

তারিখ 02 SEP 1989
পৃষ্ঠা ৩ কলাম ৮

# মাদারীপুরে ৪২ সহস্রাধিক শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত

মাদারীপুর সংবাদদাতা জানান, দারিদ্র্যতা, শিক্ষা উপকরণের মূল্য বৃদ্ধি প্রাথমিক শিক্ষায় উৎসাহ দানের অভাব, জীবন ধারণের তাগিদে শিশু-শ্রম বৃদ্ধিসহ বিভিন্ন কারণে মাদারীপুর জেলার ৪২ হাজার ৩৭৪ জন শিশু প্রাথমিক

(৯ম পৃঃ দ্রঃ)

## ৪২ সহস্রাধিক শিশু

(৩য় পৃঃ পর)

শিক্ষার সুযোগ হইতে বঞ্চিত হইতেছে।

উপজেলা শিক্ষা বিভাগের পরিসংখ্যানে জানা যায়, রাজৈর, শিবচর, মাদারীপুর সদর ও কালকিনি উপজেলায় ৬ হইতে ১০ বছর বয়সের প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা এক লক্ষ ৫৩ হাজার ৭২৩ জন। গত জুন মাসের তথ্যানুযায়ী বর্তমানে জেলার ৪৯৮টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে এক লক্ষ ১১ হাজার ৩৪৯ জন শিশু লেখা-পড়া করিতেছে। উল্লিখিত সমস্যার কারণে জেলার ৪২ হাজার ৩৭৪ জন শিশু কোন বিদ্যালয়ে লেখা-পড়া করিতেছে না। প্রাথমিক শিক্ষালাভে বঞ্চিত বালকের সংখ্যা ২১ হাজার ৯৫০ জন এবং বালিকার সংখ্যা ২০ হাজার ৪২৪ জন।

এদিকে মাদারীপুর জেলার ৪টি উপজেলায় ৭২টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য রহিয়াছে।